



পশ্চিমবঙ্গ সরকার  
জেলাশাসক ও জেলা সমাহর্তার কার্যালয়, হুগলী  
সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
জীবন পালের বাগান, হুগলী

## “বিজ্ঞপ্তি”

স্মারক সংখ্যা : ৩৯২/ এম. সি.

তারিখ-২৬.০৬.২০২০

### কর্মতীর্থে ( মার্কেটিং হবে) “SPV” গঠনের মাধ্যমে স্টল বিতরণের বিজ্ঞপ্তি

পঃ বঃ সরকারের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বরাদ্দকৃত অর্থে নির্মিত ৫টি কর্মতীর্থে (‘মার্কেটিং হবে’) ব্যবহারকারী দল (User Groups) বা “SPV” গঠনের মাধ্যমে স্টল বিতরণের লক্ষ্যে জেলার আগ্রহী ক্ষুদ্র শিল্পী, কারিগর, হস্তশিল্পী, ক্ষুদ্র শিল্পোদ্যোগী, SGSY গোষ্ঠী, SHG প্রভৃতিদের নিকট হতে সংযোজিত প্রোফরমায় আবেদনপত্র চাওয়া হচ্ছে।

ক্রমিক সংখ্যা	রকের/ পৌরসভা নাম	কর্মতীর্থের নাম	স্টলের সংখ্যা	কর্মতীর্থের অবস্থান
১.	চাঁপদানী পৌরসভা	চাঁপদানী কর্মতীর্থ	৪০	গৌরহাটি, চাঁপদানী পৌরসভার সন্নিকটে।
২.	খানাকুল - ১	খানাকুল কর্মতীর্থ	১০২	চকভেদুয়া বাজার ও বাস স্টপেজের সন্নিকটে।
৩.	জাঙ্গীপাড়া	জাঙ্গীপাড়া কর্মতীর্থ	২৮	বাহানা বাজারের সন্নিকটে।
৪.	হরিপাল	হরিপাল কর্মতীর্থ	৩৪	হরিপাল ডাকবাংলো সন্নিকটে।
৫.	ধনিয়াখালী	ধনিয়াখালী কর্মতীর্থ	২৪	ধনিয়াখালী বাসস্ট্যান্ড

### নিয়মাবলী:-

- স্টলগুলিতে হস্তশিল্প, তাঁতশিল্প, পোষাক, কৃষিজাত দ্রব্য, প্রক্রিয়াকরনজাত খাদ্যদ্রব্য, নিত্যপ্রয়োজনীয় সামগ্রী, খাদ্যদ্রব্য, জরিশিল্প, চিকনশিল্প ইত্যাদি নানাবিধ দ্রব্যের স্টল খোলা যাবে।
- একজন আবেদনকারী শুধুমাত্র একবার এবং একটি কর্মতীর্থের স্টলের জন্য আবেদন করতে পারবে।
- উদ্যোগপতিদের নির্বাচনের সময় মেধা, ট্রেনিং, কর্মবিনিয়োগ বা এমপ্লয়েন্ট ব্যালেন্স নাম নথিভুক্তবিষয়গুলি বিবেচিত হবে। SHG-এর ক্ষেত্রে NRLM গোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ব্যবহারকারী দলের (User Groups) সদস্যের মোট সংখ্যার ২৫% মহিলা উদ্যোগীদের জন্য সংরক্ষিত থাকবে।
- ব্যবহারকারী দলের (User Groups) সদস্যের মোট সংখ্যার ১০% তফসিলি জাতি ও তফসিলি উপজাতিদের জন্য সংরক্ষিত থাকবে।
- ২৫% প্রতিনিধিত্ব সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য সংরক্ষিত থাকবে।
- যদি তফসিলি উপজাতিদের মধ্যে থেকে উপযুক্ত আবেদনকারী না পাওয়া যায়, তবে তা তফসিলি জাতিদের জন্য সংরক্ষিত বলে বিবেচিত হবে।
- যদি উপযুক্ত তফসিলি জাতি আবেদনকারী না পাওয়া যায়, তবে তা অসংরক্ষিত ক্যাটাগরির জন্য বলে বিবেচিত হবে।
- আবেদনপত্র জেলার সংখ্যালঘু দপ্তর, (জীবন পালের বাগান, হুগলী), সংশ্লিষ্ট এস.ডি.ও. অফিস ও বি.ডি.ও. অফিসে পাওয়া যাবে। এছাড়াও জেলার ওয়েব সাইট [www.hooghly.gov.in](http://www.hooghly.gov.in) থেকে ডাইনলোড করা যাবে।
- আবেদনপত্র জেলার সংখ্যালঘু দপ্তর (জীবনপালের বাগান, হুগলী) এবং সংশ্লিষ্ট এস.ডি.ও. অফিস ও বি.ডি.ও. অফিসে জমা দেওয়া যাবে।
- ডাকযোগে বিলম্বের ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- আবেদনপত্রের ক্ষেত্রে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে।
- নির্বাচনের পর “SPV” গঠনের মাধ্যমে ‘কর্মতীর্থ’ পরিচালিত হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট নিয়মদ্বারা সকল সদস্যকে পরিচালিত হতে হবে।
- আবেদনপত্রে ‘কী ধরনের ব্যবসা’ (Nature of Business) তা অবশ্যই উল্লেখিত থাকবে।

১৫. একই ধরনের ব্যবসার জন্য সাধারণভাবে একটি স্টলই বরাদ্দ হতে পারে। এর জন্য প্রয়োজনীয় ড্র- এর (draw of lots) মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত হবে। প্রয়োজনে সাক্ষাৎকারের ভিত্তিতে নির্বাচন হতে পারে।
১৬. স্টল বিতরণের পূর্বে, সকল সদস্যের নিকট হতে “SPV” আপফ্রন্ট (up-Front) সদস্য অনুদান (Contribution) বাবদ ৫০০/- টাকা সংগ্রহ করবেন।
১৭. “SPV” এবং স্টলের allote- এর মধ্যে প্রাথমিক ভাবে এক বছরের বন্টন চুক্তি হবে যা পরে পূর্ণনবীকরণ করা হতে পারে।
১৮. বন্টনের পরে ৩০ দিনের মধ্যে স্টল চালু করতে না পারলে স্টলের অ্যালটমেন্ট বাতিল বলে গণ্য হবে।
১৯. সমস্ত রকম পরিচালন ব্যবস্থা “KARMA TIRTHA OPERATIONAL & MANAGEMENT RULES, 2014” ও নির্দিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত “উপবিধি” দ্বারা পরিচালিত হবে।
২০. স্টল বন্টন ও উপভোক্তা নির্বাচন সহ সকল বিষয়ে সুনির্দিষ্ট নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।
২১. আবেদনপত্রের সঙ্গে সমস্ত কাগজপত্রের প্রত্যয়িত ফটোকপি (যথা- জাতিগত শংসাপত্র, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ইত্যাদি) দিতে হবে।
২২. বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন এই ফোন নম্বরে - (০৩৩) ২৬৮০-৯৮৪০ বা [www.hooghly.gov.in](http://www.hooghly.gov.in)
২৩. যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।
২৪. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭/০৭/২০২০.

 ২৬/৭/২০২০

অতিরিক্ত জেলাশাসক, (সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ)  
হুগলী।